

সঙ্গীতবিদ্যায়তন বিধি, ১৪২৭

সাধারণ বিধি

- প্রতি বছর বার্ষিক পরীক্ষা। প্রতি শিক্ষাবর্ষে বিদ্যায়তন- নির্ধারিত সময়ের মধ্যে পুনর্ভর্তি- নিবন্ধন করতে হয়
- ক্লাসে এক বছর অনিয়মিত থাকলেও বকেয়া পরিশোধ করে শিক্ষার্থী পরের শিক্ষাবর্ষে পুনর্ভর্তি হতে পারে
- পুনর্ভর্তি না হয়ে বিদ্যায়তনের লিখিত অনুমোদন নিয়ে সর্বাধিক এক বছরের শিক্ষা- বিরতি নেওয়া যায়। তবে শিক্ষা- বিরতি শেষে পরের শিক্ষাবর্ষে বিদ্যায়তন- নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে

অর্থ পরিশোধ রীতি

- বিদ্যায়তনে শিক্ষাগ্রহণকালে শিক্ষার্থীর পরিচিতি নম্বর উল্লেখ করে নির্ধারিত ব্যাংকে অথবা বিকাশ বা শিওরক্যাশের মাধ্যমে বেতন- ভাতাদি পরিশোধ করতে হবে
- পূবালী বা যমুনা ব্যাংকে অর্থ পরিশোধ করলে কার্যালয়ের নথিভুক্তি নিশ্চিত করার স্বার্থে উল্লিখিত তারিখের মধ্যে স্পষ্টভাবে ব্যাংক রশিদের বিদ্যায়তন- অংশ স্ক্যান করে বা তার ছবি তুলে ছায়ানট সঙ্গীতবিদ্যায়তনের ই- মেইল (sb.chhayanaut@gmail.com) বা হোয়াটসঅ্যাপ নম্বরে (০১৭৩০-৪৮২৪৬৩) পাঠাতে হবে
- পুরো বছরের প্রদেয় অর্থ অগ্রিম জমা দেওয়া যায়। ৩ মাসের বেতন বকেয়া পড়লে বিলম্ব ফি দিতে হয়
- বার্ষিক পরীক্ষার ছাড়পত্র পাওয়ার জন্য ৩০ পৌষ ১৪২৭, ১৪ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে পুরো বছরের বেতন পরিশোধ করতে হবে।

ভবন ও শ্রেণি- শৃঙ্খলা

- শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের মোবাইল ফোন বন্ধ থাকবে। নিতান্ত প্রয়োজনে নীরব (silent) অবস্থায় ফোন চালু রাখা যাবে। তবে শিক্ষকের অনুমতি ছাড়া কোনোভাবেই ক্লাস চলাকালীন ফোনে কথা বলা অথবা অডিও/ ভিডিও রেকর্ড করা যাবে না
- জরুরি পরিস্থিতি ছাড়া শিক্ষার্থীদের ইমার্জেন্সি/ ফায়ার এক্সিট ব্যবহার নিষেধ
- শিক্ষার্থীরা ক্লাসের বাদ্যযন্ত্র বা শব্দযন্ত্র ব্যবহার করতে পারবে না
- কোনো ব্যতিক্রম ছাড়া শ্রেণিসূচি অনুযায়ী ক্লাস শেষ হওয়ার ৫ মিনিটের মধ্যে শিক্ষার্থীদের শ্রেণিকক্ষ ত্যাগ করতে হবে
- শিক্ষার্থীরা ভবন ত্যাগ করার পর যুক্তিপূর্ণ ও গ্রহণযোগ্য কারণ ছাড়া সীমানাবেষ্টনীর ভেতরে অন্য কোথাও অবস্থান করতে পারবে না
- ভবন থেকে যাওয়ার সময় অভিভাবকরা অপ্ৰাপ্তবয়স্ক শিক্ষার্থীদের বুঝে নেবেন। অপ্ৰাপ্তবয়স্ক শিক্ষার্থীকে অভিভাবক একা একা ভবন থেকে যাওয়ার অধিকার দিতে চাইলে কার্যালয়ের লিখিত অনুমোদন নিতে হবে

আচরণ

- নিজ বিভাগ ও অন্য বিভাগের শিক্ষকদের সমীহ করে চলা এবং ছায়ানটের সকল কর্মী ও স্বেচ্ছাকর্মীর সঙ্গে সদাচরণ শিক্ষার্থীর অন্যতম কর্তব্য
- শিক্ষার্থীদের মধ্যে পারস্পরিক শ্রদ্ধা- সৌজন্য- সম্মতপূর্ণ এবং শালীন আচরণের ব্যতিক্রম গ্রহণযোগ্য নয়

যোগাযোগ

- শ্রেণি, পরীক্ষা, ছুটিসহ সঙ্গীতবিদ্যায়তনের যে কোনো বিজ্ঞপ্তি/ প্রয়োজনীয় তথ্য ছায়ানট সঙ্গীতবিদ্যায়তনের ফেইসবুক গ্রুপের মাধ্যমে জানানো হয় (www.facebook.com/groups/sb.chhayanaut)। এ কারণে নিবন্ধিত সকল শিক্ষার্থী/ শিক্ষার্থীর অভিভাবককে শিক্ষার্থীর নাম ও পরিচিতি নম্বর জানিয়ে ফেইসবুক গ্রুপে যুক্ত হওয়ার অনুরোধ (join request) প্রেরণ অবধারিত
- সঙ্গীতবিদ্যায়তন কার্যালয়ের নিয়মিত সেবাপ্রদানের সময় জাতীয় ছুটির দিন বাদে বৃহস্পতি থেকে সোমবার বেলা ৩টা- ৭টা। কার্যালয়ে ফোনে (০১৭৩০- ৪৮২৪৬৩) যোগাযোগের সময়ও একই।
- যেকোনো জিজ্ঞাসা, পরামর্শ বা অভিযোগের জন্য ই- মেইলে যোগাযোগের ঠিকানা sb.chhayanaut@gmail.com
- বিদ্যায়তন কার্যালয়ের সাপ্তাহিক ছুটি মঙ্গল ও বুধবার
- অনুষ্ঠানসহ ছায়ানট সংগঠনের অন্য সকল বিজ্ঞপ্তি পাওয়া যাবে ছায়ানটের ফেইসবুক গ্রুপে (www.facebook.com/groups/chhayanaut)

ছায়ানটের আদর্শ পরিপন্থী যে কোনো আচরণ বা বিধি অথবা শৃঙ্খলাভঙ্গের কারণে কোনো ব্যাখ্যা ছাড়াই সঙ্গীতবিদ্যায়তন কর্তৃপক্ষ যে কোনো শিক্ষার্থীর ভর্তি বাতিল করার অধিকার রাখে। কারো ভর্তি বাতিল হলে পরিশোধিত অর্থ ফেরত দেওয়া হয় না